



PROSHIKA

A CENTRE FOR HUMAN DEVELOPMENT

অভ্যন্তরীণ বিজ্ঞপ্তি

আগস্ট ২৭, ২০২৪

সংশ্লিষ্ট সকলে অবগতি আছেন যে, দেশের দক্ষিণ-পূর্বাঞ্চলে ভয়াবহ বন্যায় আক্রান্ত হয়েছে। এই বন্যাক্রান্ত এলাকার মানুষ এক দুর্বিসহ অবস্থার সম্মুখীন হয়েছে। দেশের সকল শ্রেণির জনগণ তাদের সহায়তায় এগিয়ে আসছে। এই পর্যন্ত যতটুকু জানা যায় প্রশিকার ৪৮টি শাখা অফিস ক্ষতিগ্রস্ত হয়েছে। উক্ত অফিসগুলোতে ইতোমধ্যে প্রশিকার নিজস্ব অর্থায়নে তাৎক্ষণিক ত্রাণ কাজ শুরু করা হয়েছে। প্রশিকার প্রধান নির্বাহীর সভাপতিত্বে কেন্দ্রীয় অফিসের উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী উক্ত ত্রাণ কার্যে অর্থায়নের জন্য প্রশিকার সকল স্তরের কর্মীদের একদিনের বেতন বাবদ প্রায় ৪০ (চল্লিশ লক্ষ) টাকা প্রশিকার ত্রাণ তহবিলে স্থানান্তর করে ত্রাণ কাজে ব্যয় করা হবে।

প্রশিকা সবসময় দরিদ্র এবং প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত জনগণকে সহায়তা করে থাকে। এই দুর্যোগেও যথাসাধ্য সহায়তা প্রদান করা হবে।

সকলের সুস্থ্যতা কামনা করছি।

ধন্যবাদ।

মির্জাজুল ইসলাম

প্রধান নির্বাহী

প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র

মিরপুর, ঢাকা।

সূত্র নং : প্রশিকা/এফএসডি/২০২৪-০৯ (বিজ্ঞপ্তি)